দৈনিক ইনকিলাব

তারিখ ... 22 JUL 1998 ...
পৃষ্ঠা ৪? কলাম ... ৫ ...

৪।

# ঢাঃ বিঃ ছাত্র বেতন ও ফি বৃদ্ধি সম্পর্কে কর্তৃপক্ষের বক্তব্যে অনেক মিথ্যাচার হয়েছে

## —গণতান্ত্রিক ছাত্র ঐক্য

**স্টাফ রিপোর্টার ঃ** গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র বেতন ও ফি বৃদ্ধি সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ যে বক্তব্য দিয়েছে তাতে অনেক মিথ্যাচার করা হয়েছে। অনেক সত্য আড়াল করে কর্তৃপক্ষ বিষয়টি এমনভাবে তুলে ধরেছে যেন ছাত্র বেতন-ফি বৃদ্ধি কর্তৃপক্ষের কোন বিষয় নয়, ছাত্রদের সার্বিক কল্যাণেই তাদের উপর এই বোঝা চাপানো হয়েছে।

নেতৃবৃন্দ, বলেন, বাস্তবতা এর সম্পূর্ণ বিপরীত। গতকাল (মঙ্গলবার) মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে ছাত্র ঐক্য নেতৃবৃন্দ একথা বলেন। তারা জানান, গত বছর জুলাই মাসে এই ভিসি একবার ২শ' টাকার ভৌত অবকাঠামো চার্জ নামে একটি নতুন ফি চাপানোসহ বিভিন্ন ফি বৃদ্ধি করেছিলেন। ফলে '৯৬-৯৭ সেশনে ভর্তি খরচ কলা অনুষদে ১৪শ' ৬৬ টাকা থেকে বেড়ে ২৬শ' ২০ টাকা হয়েছিল। তখন ছাত্র সংগঠনগুলোর আন্দোলনের চাপে ভিসি ভৌত অবকাঠামো চার্জ প্রত্যাহার এবং আরো কয়েকটি ফি কমিয়ে ভর্তি খরচ ১৯শ' ২০ টাকা করেন। ২১ জুলাই '৯৭-এর বৈঠকে ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ঐক্য নেতাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তার কার্যকালে আর কখনও বেতন-ফি বাড়ানো হবে না। কিন্তু ভিসি তার সেই প্রতিশ্রুতি ভঙ্গ করে আবারও বিভিন্ন ফি বৃদ্ধি করেছেন, শিক্ষা উন্নয়ন-ফি নামে নতুন ফি চাপিয়েছেন, এমনকি বৈঠকে নির্ধারিত ১৯শ' ২০ টাকাকে নিজে পরিবর্তন করে ২ হাজার ২০ টাকা বানিয়েছেন।